দামুড়হুদায় স্বতন্ত্র প্রার্থী ঢেঁকি মার্কার নির্বাচনী অফিস উদ্বোধন

৭ জানুয়ারী জাতীয় দ্বাদশ সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা ২ আসনের স্বতন্ত্র এমপি প্রার্থী মীর্জা শাহরিয়ার মাহমুদ লন্টু’র ঢেঁকি মার্কার নির্বাচনী প্রচারণার হাউলী ইউনিয়ন অফিসের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার রাত সাড়ে ৭ টার দিকে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের কাঁঠালতলা নামক স্থানে ঢেঁকি মার্কার নির্বাচনী অফিসের শুভ উদ্বোধন করেন চুয়াডাঙ্গা ২ আসনের স্বতন্ত্র এমপি প্রার্থী মীর্জা শাহরিয়ার মাহমুদ লন্টু।

এসময় এমপি প্রার্থী লন্টু বলেন, আমাদের সামনে খুব ভালো দিন আসবে, জননেত্রী শেখ হাসিনা সবাইকে সংসদ নির্বাচন করার সুযোগ করে দিয়েছেন। সেজন্য আমি তাকে ধন্যবাদ জানাই। এবার জনগণ নির্বাচিত করবে ভালো মানুষকে। আমরা কোন ঘুষ দুর্নীতি অবৈধ সম্পদ দখল এসবের পায়তারাই কোনদিন ছিলাম না এখনো নেই অদূর ভবিষ্যতেও থাকবো না। আমরা সব সময় ন্যায়ের পক্ষে, আমরা সব সময় এলাকার উন্নয়নের পক্ষে। আমার বড় ভাই সাবেক সংসদ সদস্য মির্জা সুলতান রাজা একজন নির্লোভী মানুষ ছিলেন। আমি সেই পরিবারের সন্তান, আমি তার আপন ছোট ভাই। মহান আল্লাহ আমাদের সবাইকে ঐক্যবদ্ধ রাখলে অবশ্যই আমি আপনাদের সকলের প্রচেষ্টায় কামিয়াবি হবো ইনশাল্লাহ। আমি আপনাদের কথা দিচ্ছি আমি এলাকার উন্নয়নের সর্বোচ্চ চেষ্টা করব। জননেত্রী শেখ হাসিনা চান অংশগ্রহণমূলক নির্বাচন। এবারের জাতীয় সংসদ নির্বাচন অত্যন্ত সুষ্ঠু এবং নিরপেক্ষভাবে অনুষ্ঠিত হবে। তাই আপনারা ৭ জানুয়ারী সকালে ভোট কেন্দ্রে উপস্থিত হয়ে আপনারা আমার ঢেঁকি মার্কায় ভোট দেয়ার আহবান জানাচ্ছি।

এসময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান ও দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি মাহফুজুর রহমান মনজু, যুবলীগ নেতা ও সাবেক সেনা সদস্য হাফিজুর রহমান হাফিজ, হাউলী ইউনিয়ন যুবলীগ নেতা আলাউদ্দিন, মালেক ভূঁইয়া, খালেক ভূঁইয়া, আবুল হাসেম, সুমন আলী, মাসুম সহ স্থানীয় আওয়ামী লীগ যুবলীগ ও ছাত্র

লীগের নেতাকর্মী ও সমর্থক বৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনীতে দুটি নির্বাচনী অফিসে জরিমানা

নির্বাচনী আচরণবিধি লঙ্ঘন করায় মেহেরপুরের গাংনীতে স্বতন্ত্র ও আওয়ামী লীগ প্রার্থীর নির্বাচনী অফিসকে ১০ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

বুধবার (২৭ ডিসেম্বর) রাতে গাংনী সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম এ অভিযান পরিচালনা করেন।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা গেছে, গাংনীর চৌগাছা স্বতন্ত্র প্রার্থীর (ট্রাক প্রতীক) অফিস ও গাংনী বাগানপাড়ায় আওয়ামী লীগ প্রার্থীর (নৌকা) নির্বাচনী অফিসে আলোকসজ্জা ও দেয়ালে পোস্টার সাঁটানোর কারণে প্রত্যেক অফিসকে জাতীয় সংসদ নির্বাচন আচরণবিধি ২০০৮ এর ৭ (খ) ও ৩৮ ধারায় ৫ হাজার টাকা করে মোট ১০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

এ সময় গাংনী থানা পুলিশের একটি টিম ভ্রাম্যমাণ আদালতকে সহযোগিতা করেন।

দামুড়হুদা হাউলী ইউনিয়নে ঈগল মার্কার নির্বাচনী অফিস

উদ্বোধন

৭ জানুয়ারী জাতীয় দ্বাদশ সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা ২ আসনের স্বতন্ত্র এমপি প্রার্থী নূর হাকিমের (ঈগল মার্কা) নির্বাচনী প্রচারণার হাউলী ইউনিয়ন অফিসের শুভ উদ্বোধন করা হয়েছে।

আজ মঙ্গলবার বেলা ৫ টার দিকে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের কাঁঠালতলা নামক স্থানে ঈগল মার্কার নির্বাচনী অফিসের শুভ উদ্বোধন করেন চুয়াডাঙ্গা ২ আসনের স্বতন্ত্র এমপি প্রার্থী জাতীয় দৈনিক সকালের সময় পত্রিকার সম্পাদক ও প্রকাশক এবং বাংলাদেশ সংসদপত্র পরিষদের মহাসচিব (বিএসপি) নূর হাকিম।

এসময় নূর হাকিম বলেন, নির্বাচনে সকল ক্ষমতা জনগণের হাতে থাকে। তাই আপনারা যদি আমার ঈগল মার্কায় ভোট দিয়ে জয়যুক্ত করেন তাহলে আমি এই অঞ্চলের মানুষের ভাগ্য উন্নয়নে কাজ করব ইনশাল্লাহ। আমি আপনাদের কথা দিচ্ছি চুয়াডাঙ্গা ২ আসন অর্থাৎ দামুড়হুদা উপজেলা, জীবননগর উপজেলা ও গড়াইটুপি ইউনিয়ন, তিতুদহ ইউনিয়ন, বেগমপুর ইউনিয়ন, নেহালপুর ইউনিয়নকে আমি ডিজিটাল করে দেবো। এখানকার সমস্ত জনগণের জন্য আমি নিজ উদ্যোগে ইন্টারনেটের আওতায় আনবো এবং সকলে ফ্রী ওয়াইফাই ব্যাবহার করবে। দেশ যখন ডিজিটাল তখন সেবাও হবে ডিজিটাল। গরীব ও মেধাবী শিক্ষার্থীদের সমস্তরকমের সুযোগ সুবিধার পাশাপাশি চুয়াডাঙ্গা ২ আসনকে উন্নয়নের রোল মডেলে পরিনত করবো। গ্রামাঞ্চলের রাস্তা ঘাট ব্রীজ কার্লভাট সব কিছু জনগণের উন্নয়নে কাজ করা হবে। আপনারা কেউ ভোট নিয়ে হানাহানি করবেননা। সব সময় পুলিশ আনসার সেনাবাহিনী সহ আইনশৃঙ্খলা বাহিনী আপনাদের পাশে আছে। জননেত্রী শেখ হাসিনা চান অংশগ্রহণমূলক নির্বাচন। এবারের জাতীয় সংসদ নির্বাচন অত্যন্ত সুষ্ঠু এবং নিরপেক্ষভাবে অনুষ্ঠিত হবে। কারোর ভোট কেউ দিতে পারবে না। তাই আপনারা ৭ জানুয়ারী সকাল সকাল ভোট কেন্দ্রে উপস্থিত হয়ে আমার ঈগল মার্কায় ভোট দেওয়ার আহবান জানাচ্ছি।

এসময় উপস্থিত ছিলেন স্বতন্ত্র এমপি প্রার্থী নূর হাকিমের ঈগল মার্কার হাউলী ইউনিয়ন নির্বাচনী কমিটির প্রধান উপদেষ্টা সহ নির্বাচনী কমিটির সদস্য বৃন্দ, স্থানীয় আওয়ামীলীগ, যুবলীগ ও ছাত্র লীগের নেতাকর্মী বৃন্দ সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

দামুড়হুদার হাউলী ইউনিয়নে ট্রাক মার্কার নির্বাচনী অফিস উদ্বোধন

৭ জানুয়ারী জাতীয় দ্বাদশ সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা ২ আসনের স্বতন্ত্র এমপি প্রার্থী হাসেম রেজার (ট্রাক মার্কা) নির্বাচনী প্রচারণার হাউলী ইউনিয়ন অফিসের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার রাত ৮ টার দিকে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের কাঁঠালতলা নামক স্থানে ট্রাক মার্কার নির্বাচনী অফিসের শুভ উদ্বোধন করেন চুয়াডাঙ্গা ২ আসনের স্বতন্ত্র এমপি প্রার্থী হাসেম রেজা।

এসময় প্রধান অতিথির বক্তব্যে হাসেম রেজা বলেন, সকল ক্ষমতা জনগণের হাতে। তাই আপনারা যদি আমার ট্রাক মার্কায় ভোট দিয়ে জয়যুক্ত করেন তাহলে আমি এই অঞ্চলের মানুষের ভাগ্য উন্নয়নে কাজ করব ইনশাল্লাহ। নির্বাচনের মাঠে আমার কোন নেতা কর্মীর গায়ে যদি কেউ হাত দেয় তাহলে সাথে সাথে তাকে প্রতিহত করা হবে। কোন সহিংসতা হলে আপনারা সাথে সাথে ৯৯৯ এ ফোন দেবেন। সব সময় পুলিশ আনসার সেনাবাহিনী আপনাদের পাশে আছে। জননেত্রী শেখ হাসিনা চান অংশগ্রহণমূলক নির্বাচন। এবারের জাতীয় সংসদ নির্বাচন অত্যন্ত সুষ্ঠু এবং নিরপেক্ষভাবে অনুষ্ঠিত হবে। কারোর ভোট কেউ দিতে পারবে না। তাই আপনারা ৭ জানুয়ারী সকাল সকাল ভোট কেন্দ্রে উপস্থিত হয়ে আমার ট্রাক মার্কায় ভোট দেয়ার উদার্ত আহবান জানাচ্ছি।

চুয়াডাঙ্গা-২ আসনে সরেজমিনে বিভিন্ন গ্রাম ও শহর ঘুরে সাধারণ ভোটারদের সাথে কথা বলে জানাগেছে, বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় ত্রাণ ও সমাজকল্যাণ বিষয়ক উপকমিটির সদস্য, জাতীয় দৈনিক আমার সংবাদ ও ডেইলি পোস্ট পত্রিকার সম্পাদক ও প্রকাশক আবু হাশেম রেজা ওরফে হাশেম রেজা (ট্রাক মার্কা) সাধারণ ভোটারদের মাঝে ব্যাপক সারা ফেলেছেন। বিভিন্ন মিছিল মিটিং থেকে শুরু করে পথসভায় উপচে পড়া মানুষের ঢল দেখলে সহজেই বোঝা যায় চুয়াডাঙ্গা-২ আসনের

মানুষ পরিবর্তনের পক্ষে ছুটে চলেছে। তারা দীর্ঘদিন মাঠে থাকা স্বতন্ত্র এমপি প্রার্থী হাশেম রেজার পক্ষে তাদের রায় দিতে পারেন। প্রতীক বরাদ্দের পর থেকে হাশেম রেজা একের পর এক চমক দেখিয়ে চলেছেন। তিনি বিপুল ভোটে জয়লাভ করবেন বলে সাধারন ভোটারা আশাবাদী।

স্বতন্ত্র এমপি প্রার্থী হাসেম রেজার ট্রাক মার্কার হাউলী ইউনিয়ন নির্বাচনী কমিটির প্রধান উপদেষ্টা রেজাউল করিম এর সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি সহিদুল ইসলাম, এ্যাড: আবু তালেব, হাউলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি মো: হাসেম আলী, যুবলীগ নেতা আলাউদ্দিন, মালেক ভূঁইয়া, ইউনিয়ন যুবলীগ নেতা আনারুল ইসলাম সহ স্থানীয় আওয়ামীলীগ, যুবলীগ ও ছাত্র লীগের হাজার হাজার নেতাকর্মী বৃন্দ সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

গাংনীতে নৌকার নির্বাচনী অফিসে দূর্বৃত্তের আগুন

গাংনীর হেমায়েতপুর গ্রামে আওয়ামী লীগ সমর্থিত প্রার্থীর একটি নির্বাচনী অফিস আগুনে ভষ্মীভূত হয়েছে। মেহেরপুর-২ সংসদীয় আসনের অনুমোদিত নির্বাচনী অফিসটি রাতের আঁধারে পুড়িয়ে দিয়েছে অজ্ঞাত দুর্বৃত্তরা।

গতকাল শুক্রবার ভোর রাতের কোন এক সময় অগ্নিকাণ্ডের ঘটনাটি ঘটে। গাংনী থানা পুলিশের একটি টীম ও আওয়ামীলীগ সমর্থিত প্রার্থী এ এস এম নাজমুল হক সাগর ঘটনাস্থল পরিদর্শন করেছেন।

নির্বাচনী অফিসের দ্বায়িত্বে থাকা কর্মী শরীফুল ইসলাম জানান, রাত ১২টার পর তিনি ও তার লোকজন অফিস বন্ধ করে বাড়ি চলে যান। ভোর চারটার দিকে হঠাৎ আগুন দেখতে পেয়ে চিৎকার দেন তিনি। স্থানীয় লোকজন এসে আগুন নেভানোর চেষ্টা করেন। তবে কে বা কারা এ অগ্নীকান্ডের ঘটনা ঘটাতে পারে সে ব্যাপারে নিশ্চিত নন তিনি সহ

স্থানীয় লোকজন।

মেহেরপুর-২ সংসদীয় আসনের নৌকা প্রতীকের প্রার্থী এ এস এম নাজমুল হক সাগর বলেন, ‘উৎসব মুখর পরিবেশে পরিবেশের নির্বাচনের প্রচারণা চলছে। জনমনে ভীতি সৃষ্টির জন্য কেউ এ ধরনের ঘটনা ঘটিয়েছে। গোয়েন্দা সংস্থা ও আইনশৃঙ্খলা বাহিনীর প্রতি আমার অনুরোধ ঘটনাটি খতিয়ে দেখে অপরাধীদের যেন দ্রুত বিচারের আওতায় আনা হয়। ‘

গাংনী থানার অফিসার ইনচার্জ তাজুল ইসলাম মেহেরপুর প্রতিদিনকে বলেন, ‘ সকালেই আমরা ঘটনাস্থল পরিদর্শন করেছি। নির্বাচনী অফিসটির অনুমোদন ছিলো না। ওখানে যে কোন নির্বাচনী অফিস আছে প্রার্থী নিজেই সেটা জানতেন না। আর নির্বাচনী অফিস বলতে সেখানে ছিল একটা তাবু। তাঁবুর পাশে পাটকাঠি রাখা ছিলো। আগুন লাগার পর সেখানে ফায়ার সার্ভিস গেছিলো। কেউ উদ্দেশ্যমূলকভাবে ঘটনাটি ঘটাতে পারে। কারা এ ঘটনাটি ঘটিয়েছে তা খুঁজে বের করার চেষ্টা চলছে। এছাড়াও নৌকার প্রার্থীকে আমরা লিখিত অভিযোগ করতে অনুরোধ করেছিলাম। এখন পর্যন্ত তিনি কোন লিখিত অভিযোগ করেননি।

মেহেরপুরের অতিরিক্ত পুলিশ সুপার আহসান খান মেহেরপুর প্রতিদিনকে বলেন, ‘অগ্নিকাণ্ডের বিষয়টি নিয়ে আওয়ামী লীগ মনোনীত প্রার্থী এখন পর্যন্ত কোন অভিযোগ করেননি। তবে বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে। অতি শীঘ্রই ঘটনাটির সাথে জড়িতদের খুঁজে বের করা হবে।’

ঝিনাইদহে স্বতন্ত্র প্রার্থীর নির্বাচনী অফিসে হামলা-ভাংচুর আহত ৬, গ্রেপ্তার ২

ঝিনাইদহ-২ আসনের স্বতন্ত্র প্রার্থী নাসের শাহরিয়ার জাহেদী মহুল এর নির্বচনী অফিসে নৌকা প্রতীকের সমর্থনকারীরা হামলা ও ভাংচুর করে ৬জনকে গুরুতর আহত করেছে। তাদের মধ্যে ৪ জনকে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়।

গতকাল বৃহস্পতিবার সন্ধ্যা ৬টার দিকে ঝিনাইদহ সদর উপজেলার পোড়াহাটী ইউনিয়নের গোয়ালপাড়া বাজারে এই হামলার ঘটনা ঘটে।

আহতরা হলেন একই ইউনিয়নের ঘোড়ামারা গ্রামের রোজদার মন্ডলের ছেলে আকাশ মন্ডল (২২), বাজিতপুর গ্রামের লিয়াকত লস্করের ছেলে মোঃ আকিজ লস্কর (৩৭) একই গ্রামের খয়বার মন্ডলের ছেলে আব্বাস আলী (৩০) এবং মহসিন শেখ। আহত ২ জনকে আশংকাজনক অবস্থায় ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে বলে স্বজনরা জানান।

এই হামলা এবং ভাংচুরের ঘটনায় জড়িত সন্দেহভাজন ২জনকে গ্রেপ্তার করেছে বলেন জানান অতিরিক্ত পুলিশ সুপার ইমরান জাকারিয়া। তিনি বলেন সংবাদ পেয়ে সেখানে পুলিশ পাঠানো পর পরিস্থিতি শান্ত হয়েছে। সহিংসতার সংবাদ পেলেই সেখানে পুলিশের গ্রেপ্তার অভিযান চলবে।